

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৫-২২

তারিখঃ ২৩ পৌষ, ১৪৩১।
০৭ জানুয়ারি, ২০২৫।

বিষয় : কারা অধিদপ্তর থেকে বদলির আবেদন নাকচ হওয়া এবং বদলিকৃত কর্মস্থলে যোগদানের পর ০৬ মাসের মধ্যে বদলির আবেদন প্রেরণ না করা প্রসঙ্গে।

সূত্র : কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.২৪.০৩.০০১.১৫.৬৬৬(৭৮) তারিখ : ২৬.১০.২০১৫ খ্রিঃ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কারা কর্মকর্তা/কর্মচারীগণের বদলির পর নতুন কর্মস্থলে যোগদানের অতি স্বল্প সময়ের মধ্যে বদলির জন্য আবেদন কারা অধিদপ্তরে প্রেরণ করছেন, যা কাম্য নয়। বদলির আবেদন প্রেরণ করার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

- ক। বদলির আবেদন কারা অধিদপ্তর কর্তৃক নাকচ হওয়ার ০৬ মাসের মধ্যে কোন আবেদন পুনরায় প্রেরণ না করা;
- খ। বদলিকৃত নতুন কর্মস্থলে যোগদানের ০৬ মাসের মধ্যে বদলির আবেদন কারা অধিদপ্তরে প্রেরণ না করা;
- গ। উভয়ক্ষেত্রেই নতুন কর্মস্থলে সময়মতো যোগদান, সদাচরণ/দায়িত্ব সন্তোষজনকভাবে পালন করলেই আবেদন বিবেচনায় নেয়া হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে- কারা মহাপরিদর্শক

ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।

adddl.ig@prison.gov.bd

- ১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ :

- ১। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। [পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। শাখা প্রধান, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (স: দ:) এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। মহোদয়গণের সদয় অবগতির জন্য।
- ৬। অফিস কপি।